



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ মার্চ ২০২৪ খ্রি.

লালখান বাজার ওয়ার্ড ইফতার বিতরণ করলেন মেয়র মো. রেজাউল করিম চৌধুরী

লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলর আবুল হাসনাত মোঃ বেলালের উদ্যাগে পৰিত্ব মাহে রমজান উপলক্ষে আজ রোববার বিকালে শহীন নগর সিটি কর্পোরেশন বিদ্যালয় প্রাঙ্গনে এলাকার অসহায় ও দরিদ্র প্রায় দুই হাজার পরিবারের মাঝে ইফতার সমগ্রী বিতরণ করা হয়।

সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে এই ইফতার সামগ্রী বিতরণ করেন। সে সময় তিনি বলেন, সমাজের নিম্ন আয়ের মানুষের অসহায়ত্বের কার ভেবে ওয়ার্ড কাউন্সিলর বেলাল যে বদন্যতা দেখিয়েছেন তা প্রশংসন্ন দাবিদার। সমাজের অসহায় দরিদ্র ও নিম্ন আয়ের মানুষের পাশে বৃত্তবানদের দাঁড়ানোর আহ্বান জানান।

এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, সংরক্ষিত কাউন্সিলর আনজুমারা বেগম, আওয়ামী লীগ নেতা আমজাদ হাজারী, লালখান বাজার ওয়ার্ড আওয়ামী লীগের সহ-সভাপতি শেখ দেলোয়ার হোসেন, মিজানুর রহমান, সনত বড়ুয়া বড়ুয়া, আনোয়ার হোসেন, বিশ্বজিৎ চৌধুরী, তপন সিং, সাধন সিং, আকবর আলী, আলমগীর, সাজ্জাদ প্রমুখ।

চসিক মোবাইল কোর্ট রাস্তার ও ফুটপাত দখল করায়

৪২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা আজ নগরীর বায়েজিদ থানা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করেন। অভিযানকালে চৌধুরী নগর আবাসিক এলাকার রাস্তার জায়গা দখল করে অবৈধভাবে দোকান নির্মাণ করে এবং ফুটপাতের উপর গাড়ির গ্যারেজ দিয়ে জনন্দূর্ভেগ সৃষ্টি করায় ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রংজু পূর্বক ৪২ হাজার জরিমানা আদায় করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮